দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 15 JUN 1988 ...
পৃষ্ঠা ... ... ... কলাম 3 ... ...

110

# শিক্ষাঙ্গন

## এ, কে, উচ্চ বিদ্যালয়ের সমস্যা

ঢাকা শহরের দনিয়ায় অবস্থিত একমাত্র বিদ্যালয়টি বর্তমানে নানা সমস্যায় জর্জরিত। এই বিদ্যালয়ে প্রায় পাঁচ হাজার ছাত্র-ছাত্রী পড়াশুনা করছে। প্রতিষ্ঠালগ্ন হতে আজ পর্যন্ত বিদ্যালয়টি নানা সমস্যায় জর্জরিত। উক্ত স্কুলে উপযুক্ত শিক্ষক থাকা সত্ত্বেও বিজ্ঞান বিভাগের অবস্থা খুবই নাজুক। যন্ত্রপাতি অপ্রতুল। বিশেষ করে, ফলিত বিদ্যুতের ব্যবহারিক যন্ত্রপাতি নেই বললেই চলে। গতবছর এ বিদ্যালয় থেকে প্রায় দেড়শ' ছাত্র-ছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করে। তন্মধ্যে ১টি স্ট্যাণ্ড, ৭টি স্টার, ৬০টি ১ম বিভাগ এবং ৫০টি ২য় বিভাগে উত্তীর্ণ হয়। বিদ্যালয়টিতে বিজ্ঞানাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতি না থাকায় ছাত্র-ছাত্রীদের জ্ঞান পরিপূর্ণভাবে বিকশিত হতে পারে না। এই বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা বই থেকেও বঞ্চিত রয়েছে। কারণ আজ পর্যন্ত এই বিদ্যালয়ে লাইব্রেরী প্রতিষ্ঠিত হয়নি। ফলে নোট পাবার জন্য ছাত্র-ছাত্রীদের বাইরে থেকে বই সংগ্রহ করতে হয়। তাছাড়া ছাত্র-ছাত্রীদের চিত্ত-বিনোদনের কোন ব্যবস্থা নেই। খেলাধুলা হতেও বঞ্চিত হচ্ছে।

স্কুলটির সব শ্রেণীকক্ষে বৈদ্যুতিক পাখা না থাকায় গ্রীষ্মকালে শিক্ষার্থীদের সীমাহীন কষ্ট ভোগ করতে হয়। শিক্ষার্থীদের বিদ্যালয়ে আসা-যাওয়ার যে রাস্তাটি রয়েছে তা মোটেও উপযুক্ত নয়। সামান্য বৃষ্টি হলে রাস্তায় পানি জমে যায়। ফলে বর্ষাকালে প্রতিদিন ছাত্র-ছাত্রীদের স্কুলে উপস্থিত হতে অসুবিধা হয়। বিদ্যালয়ের এসব সমস্যার সমাধান হলে ছত্র-ছাত্রীরা ভবিষ্যতে সাফল্য অর্জন করতে পারবে বলে আশা করা যায়।

—রাজিয়া সুলতানা শিউলী